# Datacubed Health
# গোপনীয়তা নীতি
# কার্যকর হওয়ার তারিখ: 1 এপ্রিল 2025

## ভূমিকা

Datacubed Health-এ আপনার গোপনীয়তা আমাদের কাছে গুরুত্বপূর্ণ। এই গোপনীয়তা নীতি (নীতি) ব্যাখ্যা করে যে আমরা কীভাবে ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার এবং শেয়ার করতে পারি। এটি আমাদের ওয়েবসাইট, পরিষেবা, তথ্য, সরঞ্জাম, কার্যকরিতা, আপডেট এবং অনুরূপ উপকরণের (সম্মিলিতভাবে পরিষেবা) ক্ষেত্রে প্রযোজ্য। আপনার তথ্য সম্পর্কিত আপনার বেশ কয়েকটি অধিকার আছে। আমরা কী করি এবং আপনার অধিকারগুলি কী তা বুঝতে নীতিটি মনোযোগ সহকারে পড়ুন।

## অন্তর্ভুক্ত শর্তাবলী

নিম্নলিখিত অতিরিক্ত শর্তাবলী এই নীতিতে অন্তর্ভুক্ত করা হয়েছে যেমনভাবে এখানে সম্পূর্ণরূপে উল্লেখ করা হয়েছে:

- শেষ প্রান্তে থাকা ব্যবহারকারীর পরিষেবার শর্তাবলী
- শিশুদের গোপনীয়তা নীতি
- কুকি সংক্রান্ত নীতি

## আমরা কারা

আমরা Data Cubed, LLC d/b/a Datacubed Health। আমাদের সাথে যোগাযোগ করা যাবে legal@datacubed.com এ এবং এই ঠিকানায়:

Datacubed Health
630 Freedom Business Center
3rd Floor
King of Prussia, PA 19406

Datacubed Health হল একটি অগ্রণী প্রযুক্তি কোম্পানি যেটি আরও উন্নত বিজ্ঞান এবং স্বাস্থ্যকর কমিউনিটিকে বাস্তবে পরিণত করছে। আমরা রোগীদের সাথে দূরবর্তীভাবে যুক্ত হওয়ার জন্য এবং ভার্চুয়াল ক্লিনিকাল অধ্যয়নগুলির জন্য স্মার্টফোন অ্যাপ, পরিধানযোগ্য, ইন-হোম এবং পরিবেশগত সেন্সর সহ ডেটা ক্যাপচারের জন্য ব্যক্তিগতকৃত সমাধান প্রয়োগ করি। গবেষণা, পরীক্ষণ, অধ্যয়ন, রোগীকে জড়িত করার উদ্যোগ, অথবা কোম্পানি এবং স্বাস্থ্যসেবা সংস্থা (“ক্লিনিকাল গবেষণা অধ্যয়ন”) এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলির (“শিক্ষামূলক অধ্যয়ন”) (সম্মিলিতভাবে “অধ্যয়ন”) পক্ষ থেকে আমরা যে প্রকল্পগুলি পরিচালনা করি তার সাথে সম্পর্কিত কারণে আমরা মাঝে মাঝে আপনার থেকে তথ্য সংগ্রহ করি।

“আমরা,” “আমাদেরকে” এবং “আমাদের” শব্দগুলির দ্বারা Datacubed Health-কে বোঝানো হয়। “তৃতীয় পক্ষ” বলতে এমন কাউকে বোঝানো হয় যিনি আপনি নন বা আমরা নই।

ক্লায়েন্ট অংশগ্রহণকারীরা আমাদের যে ব্যক্তিগত তথ্য প্রদান করেন আমরা সেগুলির প্রক্রিয়াকারী। Datacubed Health আমাদের যে ব্যক্তিগত তথ্য প্রদান করেন আমরা সেগুলির নিয়ন্ত্রক।

## আপনি কে

নীতিতে “আপনি” বলতে বোঝানো হয় যে আপনি একজন:

- ক্লায়েন্ট – এমন একটি ব্যবসার একজন কর্মচারী বা প্রতিনিধি যারা Datacubed Health ব্যবহার করে
- ক্লায়েন্ট অংশগ্রহণকারী - ব্যবসার পক্ষ থেকে Datacubed Health দ্বারা পরিচালিত একটি অধ্যয়নে অংশগ্রহণ করে এমন একটি ব্যবসা দ্বারা যুক্ত করা একজন ব্যক্তি
- Datacubed Health অংশগ্রহণকারী - এমন একজন ব্যক্তি যিনি নিজের পক্ষ থেকে Datacubed Health দ্বারা পরিচালিত একটি অধ্যয়নে অংশগ্রহণ করেন

আপনি একজন ক্লায়েন্ট হিসেবে আপনার দ্বারা আমাদের প্রদান করা ক্লায়েন্ট অংশগ্রহণকারীর ব্যক্তিগত তথ্যের একজন নিয়ন্ত্রক।

## ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের জন্য আমাদের কী আইনি ভিত্তি আছে

আমরা আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করি এগুলির উপর ভিত্তি করে:

- আমরা যে অধ্যয়নগুলি পরিচালনা করি তার সাথে সম্পর্কিত কারণে আমাদের বা আমাদের ক্লায়েন্টকে আপনি যে সম্মতি প্রদান করেন। যেকোনো সময় সম্মতি প্রত্যাহার করার অধিকার আপনার আছে। আপনার ব্যক্তিগত তথ্য আমাদের প্রক্রিয়াকরণ করতে দেওয়ার ব্যাপারে আপনার সম্মতি আপনি legal@datacubed.com এ আমাদের সাথে যোগাযোগ করে প্রত্যাহার করতে পারেন, অথবা আমাদের ক্লায়েন্ট তথা অধ্যয়নের স্পনসরের সাথে যোগাযোগ করার সম্মতিটি, যেখানে অধ্যয়নটি পরিচালিত হচ্ছে সেই ক্লিনিকাল অধ্যয়নস্থলের মাধ্যমে প্রত্যাহার করতে পারেন। “সম্মতি”-এর আইনি ভিত্তির অধীনে অধ্যয়নের সাথে সম্পর্কিত কারণে পরিচালিত প্রক্রিয়াকরণ হল:
    - ক্লায়েন্ট অংশগ্রহণকারী এবং Datacubed Health-এর অংশগ্রহণকারীদের কাছ থেকে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা, এবং
    - পরিষেবা প্রদানের জন্য ব্যক্তিগত তথ্য সংগ্রহ এবং ব্যবহার করা।
- প্রযোজ্য আইনের অধীনে, যত দূর পর্যন্ত আপনার অধিকারগুলি আমাদের বৈধ ব্যবসায়িক স্বার্থকে ছাপিয়ে না যায়। “বৈধ ব্যবসায়িক স্বার্থ”-এর আইনি ভিত্তির অধীনে পরিচালিত প্রক্রিয়াকরণ হল:
    - পরিষেবা এবং প্রযুক্তিগত সহায়তা সংক্রান্ত সমস্যা এবং অনুরোধের উত্তর দেওয়া,

- আমাদের ওয়েবসাইট এবং হেল্পডেস্কে করা অথবা legal@datacubed.com এ পাঠানো আপনার অনুরোধগুলি পূরণ করা
- পরিষেবাগুলি বিকাশ এবং উন্নত করা

## আমরা কী কী ব্যক্তিগত তথ্য সংগ্রহ করি

একটি শিক্ষামূলক অধ্যয়নে একজন ক্লায়েন্ট অংশগ্রহণকারী বা Datacubed Health অংশগ্রহণকারী হিসেবে, আপনি যখন কোনও শিক্ষামূলক অধ্যয়নে অংশগ্রহণের জন্য সাইন আপ করেন এবং অংশগ্রহণ করেন, তখন আমরা নিম্নলিখিত তথ্য সংগ্রহ করতে পারি:

- নাম
- ঠিকানা
- জন্ম তারিখ
- জন্মস্থান
- ইমেল ঠিকানা
- ইউজারনেম
- পরিষেবাগুলিতে ব্যবহৃত আপনার কার্যকলাপ এবং ডিভাইসগুলি থেকে পাওয়া তথ্য
- জিওফেন্সিং ফিচারের সাথে ব্যবহারের জন্য লোকেশন, যেমন প্রযোজ্য হবে
- ফোন ডিভাইসের তথ্য
- ব্লুটুথ ডিভাইসের তথ্য
- ফোনের পরিচিতি
- সেল মেটাডেটা
- SMS মেসেজ মেটাডেটা
- IP অ্যাড্রেস
- সোশ্যাল মিডিয়া মেটাডেটা
- জনতত্ত্ব সংক্রান্ত তথ্য (জাতিগত, লিঙ্গ, উচ্চতা এবং ওজন)
- চিকিৎসাগত অবস্থা
- চিকিৎসার ডোজ এবং/অথবা ডোজ পরিবর্তনের বিবরণ
- চিকিৎসার ইনজেকশন দেওয়ার জায়গা এবং ইনজেকশন দেওয়ার তারিখের বিবরণ
- স্বাস্থ্য, অর্থনীতি এবং ফলাফল গবেষণা (Health, Economics and Outcomes Research, HEOR) ডেটার জন্য সমীক্ষার তথ্য

একটি ক্লিনিকাল গবেষণা অধ্যয়নে একজন ক্লায়েন্ট অংশগ্রহণকারী বা Datacubed Health অংশগ্রহণকারী হিসেবে, আপনি যখন কোনও ক্লিনিকাল গবেষণা অধ্যয়নে অংশগ্রহণের জন্য সাইন আপ করেন এবং অংশগ্রহণ করেন, তখন আমরা নিম্নলিখিত তথ্য সংগ্রহ করতে পারি:

- নামের প্রথমাংশ, এবং ঐচ্ছিকভাবে নামের শেষাংশ
- ইমেল ঠিকানা
- পরিষেবাগুলিতে ব্যবহৃত আপনার কার্যকলাপ এবং ডিভাইসগুলি থেকে পাওয়া তথ্য
- জিওফেন্সিং ফিচারের সাথে ব্যবহারের জন্য লোকেশন, যেমন প্রযোজ্য হবে
- IP অ্যাড্রেস

- চিকিৎসাগত অবস্থা
- চিকিৎসার ডোজ এবং/অথবা ডোজ পরিবর্তনের বিবরণ
- চিকিৎসার ইনজেকশন দেওয়ার জায়গা এবং ইনজেকশন দেওয়ার তারিখের বিবরণ
- স্বাস্থ্য, অর্থনীতি এবং ফলাফল গবেষণা (Health, Economics and Outcomes Research, HEOR) ডেটার জন্য সমীক্ষার তথ্য

একজন ক্লায়েন্ট হিসাবে, আমরা নিম্নলিখিত তথ্য সংগ্রহ করতে পারি:

- নাম
- ব্যবসার ঠিকানা
- ব্যবসায়িক টেলিফোন নম্বর
- ব্যবসায়িক ইমেল ঠিকানা
- আপনার আমাদের পাঠানো যেকোনো মেসেজ
- বিলিংয়ের তথ্য
- আপনাকে আমাদের পরিষেবা প্রদানের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিবরণ

ক্লায়েন্ট হিসেবে, আপনি এই তথ্যের নিয়ন্ত্রক, এবং আমরা এই তথ্যের একটি প্রক্রিয়াকারী।

## আমরা কীভাবে ব্যক্তিগত তথ্য ব্যবহার করতে পারি

ক্লায়েন্ট অংশগ্রহণকারী বা Datacubed Health অংশগ্রহণকারী হিসেবে আপনার কাছ থেকে আমরা যে তথ্য সংগ্রহ করি, তা আমরা আপনাকে পরিষেবা প্রদানের জন্য ব্যবহার করি। আমরা আমাদের পরিষেবাগুলি বিকাশ এবং উন্নত করতে, আপনার অনুরোধগুলি পূরণ করতে এবং আইন দ্বারা অনুমোদিত অন্যান্য উদ্দেশ্যেও এই তথ্য ব্যবহার করতে পারি।

আপনি যদি একজন ক্লায়েন্ট অংশগ্রহণকারী হন, তাহলে আমাদের দ্বারা আপনার তথ্যের প্রক্রিয়াকরণ ক্লায়েন্টের সাথে চুক্তিতে সম্মত হওয়া তথ্যের মধ্যে সীমাবদ্ধ থাকে। আমরা ক্লায়েন্ট তথা অধ্যয়নের স্পনসরের সাথে শুধুমাত্র ছদ্মনামযুক্ত ডেটা শেয়ার করি।

আমরা ক্লায়েন্টদের কাছ থেকে সংগৃহীত তথ্য আপনার প্রশ্নের উত্তর দিতে এবং আপনাকে পরিষেবা প্রদানের জন্য ব্যবহার করি।

## আমরা কীভাবে ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি

আমরা আমাদের পরিষেবা প্রদানকারীদের সাথে গোপনীয়তার ভিত্তিতে ব্যক্তিগত তথ্য শেয়ার করি যাতে তারা আমাদের, আপনাকে পরিষেবা প্রদান করতে পারে এবং পরিষেবা প্রদান করতে আমাদের সক্ষম করা যায়:

- Amazon Web Services, Inc. (AWS) মার্কিন যুক্তরাষ্ট্র (U.S.) এবং জার্মানিতে সার্ভার প্রদান করে যা আপনার কাছ থেকে সংগৃহীত সমস্ত ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করে

- মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থিত The Rocket Science Group LLC d/b/a Mailchimp আমাদের ইমেল যোগাযোগ পরিচালনা করতে সাহায্য করে
- মার্কিন যুক্তরাষ্ট্র, বেলজিয়াম, রোমানিয়া, চীন, পোল্যান্ড এবং ফিলিপিন্সে অবস্থিত Stefanini Group আমাদের সহায়তা টিকিট পরিচালনা করতে সাহায্য করে
- জার্মানি এবং মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থিত Twilio, Inc. আমাদের টেক্সট মেসেজ পাঠাতে এবং গ্রহণ করতে সাহায্য করে এবং ভিডিও কনফারেন্সিং প্রদান করে
- জার্মানি এবং মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থিত Splunk, Inc. এবং জার্মানি এবং মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থিত Sisense, Ltd. আমাদের ব্যক্তিগত তথ্য বিশ্লেষণ করতে এবং সে সম্পর্কে পারফরম্যান্স রিপোর্ট প্রদান করতে সাহায্য করে

আমাদের ক্লায়েন্টদের নির্দেশে, আমরা আমাদের ক্লায়েন্টদের পক্ষে পরিষেবা প্রদানকারী হাসপাতাল এবং ক্লিনিকগুলির সাথে ব্যক্তিগত তথ্য শেয়ার করি।

আমরা সরকার এবং/অথবা আইন বলবৎকারী সংস্থাগুলির সাথে ব্যক্তিগত তথ্য শেয়ার করতে পারি যতদূর পর্যন্ত আমরা মনে করি এটি আইন মেনে চলার জন্য প্রয়োজনীয়, যেমন সমন বা আদালতের আদেশের প্রতি সাড়া দিতে, আইনি দাবির বিরুদ্ধে আত্মপক্ষ সমর্থন করা বা আমাদের আইনি অধিকার প্রতিষ্ঠা বা সুরক্ষিত করা অথবা অন্যথায় প্রযোজ্য আইনের অনুমতি অনুসারে। আমরা ডেটা প্রকাশের জন্য যেকোনো সমন বা আদালতের আদেশের বৈধতা পর্যালোচনা করতে, সমন বা আদালতের আদেশকে চ্যালেঞ্জ করতে প্রতিশ্রুতিবদ্ধ, যদি সতর্ক মূল্যায়নের পরে, আমরা এই সিদ্ধান্তে পৌঁছাই যে এটি করার, আদালত যোগ্যতার ভিত্তিতে সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত সমন বা আদালতের আদেশের প্রভাব স্থগিত করার জন্য অন্তর্বর্তীকালীন ব্যবস্থা গ্রহণ করার, প্রযোজ্য পদ্ধতিগত নিয়মের অধীনে বাধ্য না হলে অনুরোধ করা ব্যক্তিগত তথ্য প্রকাশ না করার, এবং সমন বা আদালতের আদেশের যুক্তিসঙ্গত ব্যাখ্যার ভিত্তিতে, সমন বা আদালতের আদেশের উত্তর দেওয়ার সময় অনুমোদিত ন্যূনতম পরিমাণ তথ্য প্রদান করার ভিত্তি আছে। শেয়ার করা তথ্য সমন বা আদালতের আদেশ দ্বারা কী চাওয়া হয়েছে তার উপর নির্ভর করে।

যদি আমরা মনে করি যে অপরাধমূলক কার্যকলাপ, ব্যক্তিগত আঘাত, সম্পত্তির ক্ষতি বা শারীরিক ক্ষতি প্রতিরোধের জন্য আমাদের কাছে থাকা ব্যক্তিগত তথ্য প্রয়োজনীয় বা উপযুক্ত, তাহলে আমরা তা প্রকাশ করতে পারি। প্রকাশিত ব্যক্তিগত তথ্য পরিস্থিতির উপর নির্ভর করে।

আমরা আপনার তথ্য স্বার্থের উত্তরাধিকারীর কাছে স্থানান্তর করতে পারি, যার মধ্যে অধিগ্রহণ, বিক্রয়, সম্পদ বিক্রয়, একীকরণ বা দেউলিয়া হওয়ার ক্ষেত্রে তৃতীয় পক্ষ অন্তর্ভুক্ত থাকতে পারে কিন্তু শুধুমাত্র এর মধ্যেই সীমাবদ্ধ নয়। তথ্য স্থানান্তরকারী এরপরে আপনার তথ্যের ক্ষেত্রে প্রযোজ্য নীতিগুলি নির্ধারণ করতে পারে, যদি না আইন দ্বারা অন্যথায় নিষিদ্ধ করা হয়। স্থানান্তরিত করা ব্যক্তিগত তথ্যে উপরের বর্ণনা অনুসারে সংগৃহীত ব্যক্তিগত তথ্য থাকবে।

আমরা যে তৃতীয়-পক্ষের সাথে আপনার তথ্য শেয়ার করি তারা নীতিতে বর্ণিত এবং Apple অ্যাপ নির্দেশিকার আবশ্যকতা অনুসারে আপনার তথ্যের একই বা সমান সুরক্ষা প্রদান করবে।

## আমরা ব্যক্তিগত ডেটা কোথায় সংরক্ষণ এবং প্রক্রিয়া করি

আমরা আপনার কাছ থেকে সংগৃহীত তথ্য মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়ন (EU)-এ AWS দ্বারা প্রদত্ত সার্ভারগুলিতে সংরক্ষণ করি। পরীক্ষার উদ্দেশ্যে, আপনার কাছ থেকে আমরা যে তথ্য সংগ্রহ করি তা মার্কিন যুক্তরাষ্ট্রে আমাদের কর্মীদের দ্বারা ব্যবহৃত ডেস্কটপ এবং ল্যাপটপ কম্পিউটারগুলিতেও সংরক্ষণ করা হতে পারে। ইউরোপীয় অর্থনৈতিক অঞ্চল (EEA), যুক্তরাজ্য (UK) এবং সুইজারল্যান্ডে আপনার কাছ থেকে আমরা যে তথ্য সংগ্রহ করি তা EEA, UK এবং সুইজারল্যান্ড থেকে স্থানান্তরিত করা এবং এই জায়গাগুলির বাইরে রাখা হতে পারে কারণ আমাদের কার্যপরিচালনা এবং আমাদের কিছু সার্ভার মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থিত। আপনার তথ্য EEA, UK এবং সুইজারল্যান্ডের বাইরে স্থানান্তর করার জন্য আমরা স্ট্যান্ডার্ড চুক্তিগত ধারাগুলিতে সম্মত হই। আমরা EEA এবং সুইজারল্যান্ড থেকে মার্কিন যুক্তরাষ্ট্রে স্থানান্তরিত ব্যক্তিগত তথ্য সংগ্রহ, ব্যবহার এবং ধরে রাখার বিষয়ে মার্কিন বাণিজ্য বিভাগ (U.S. Department of Commerce) দ্বারা নির্ধারিত EU-U.S. গোপনীয়তা সুরক্ষার কাঠামো (Privacy Shield Framework) এবং সুইস-U.S. গোপনীয়তা সুরক্ষার কাঠামো থেকে নিজেদের প্রত্যাহার করেছি; আমরা গোপনীয়তা সুরক্ষার কাঠামোতে অংশগ্রহণের সময়, আমাদের পাওয়া ব্যক্তিগত তথ্যের উপর গোপনীয়তা সুরক্ষার নীতিমালা প্রয়োগ করা চালিয়ে যাব। গোপনীয়তা সুরক্ষা কর্মসূচি সম্পর্কে আরও জানতে, https://www.privacyshield.gov/ এ যান।

## আমরা আপনার ব্যক্তিগত ডেটা কতদিন রাখতে পারি

আইন অনুসারে আপনার তথ্য যতদিন রাখা প্রয়োজন, আমরা ততদিন রাখতে পারি। যদি কোনও পরস্পরবিরোধী আইনি প্রয়োজনীয়তা না থাকে, তাহলে পরিষেবাগুলি সম্পাদনের জন্য আমাদের যতদিন প্রয়োজন ততদিন আমরা এটি রাখব। আমরা আপনার তথ্য একটি যুক্তিসঙ্গত সময়কালের জন্যও রাখতে পারি। উদাহরণস্বরূপ, যেখানে মার্কিন আইন প্রযোজ্য, এবং যেখানে মার্কিন আইন দ্বারা আবশ্যক, সেখানে আমরা 7.5 বছরের জন্য বা অন্যথায় আইনের আবশ্যকতা বা অনুমোদন অনুসারে এবং যেক্ষেত্রে ক্লিনিকাল অধ্যয়নের রিপোর্টের কাঠামো এবং বিষয়বস্তুর জন্য সমন্বয় সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনের (International Conference on Harmonization) শিল্প নির্দেশিকা প্রযোজ্য হয় সেক্ষেত্রে ক্লিনিকাল গবেষণা অধ্যয়নের ডেটা পরিষেবাগুলি সম্পূর্ণ হওয়ার পর 25 বছরের একটি সময়কাল বা স্থানীয় আইনের আবশ্যকতা অনুসারে আরও বেশি সময়ের জন্য ধরে রাখা হয়।

.

## সোশ্যাল মিডিয়াতে কোথায় আমাদের খুঁজে পাবেন এবং কুকি

আপনি আমাদের Facebook, Twitter, এবং LinkedIn-এ খুঁজে পেতে পারেন। আপনি যখন আমাদের সোশ্যাল মিডিয়া পেজগুলি দেখেন, তখন আপনার অনুরোধ করা পরিষেবাগুলি প্রদানের জন্য অপরিহার্য নয় এমন কুকিগুলির সেটিংস আপনি নিয়ন্ত্রণ করতে পারেন। কুকি হলো আপনার ডিভাইসে রাখা একটি ছোট ফাইল যা www.datacubed.com ওয়েবসাইটের ফিচার ও কার্যকারিতা সক্ষম করে। Datacubed Health-এর কুকি নীতিতে ব্যাখ্যা করা হয় যে কুকি কী, আমাদের কুকির ব্যবহার এবং আপনি কীভাবে কুকি পরিচালনা করতে পারেন। আপনার অনুরোধ করা পরিষেবার জন্য অত্যাবশ্যক কুকিগুলি ব্যতীত, কোনও কুকি আপনার ডিভাইসে থাকবে না এবং আমরা কুকি থেকে সংগৃহীত কোনও তথ্য আইন দ্বারা অনুমোদিত সময়ের চেয়ে বেশি সময় ধরে রাখব না।

## আপনার তথ্য সম্পর্কিত আপনার অধিকার

আপনার অধিকার রয়েছে:

- আমরা আপনার তথ্য সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করছি কিনা তা জানা এবং এই তথ্যে অ্যাক্সেসের অনুরোধ করা
- আপনার তথ্য যদি ভুল বা অসম্পূর্ণ হয় তাহলে তা আমাদের সংশোধন করার অনুরোধ করা
- আপনার তথ্য মুছে ফেলার জন্য আমাদের অনুরোধ করা, যদি
    - যে উদ্দেশ্যে আপনার তথ্য সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করা হয়েছিল তার জন্য এটির আর প্রয়োজন না থাকে
    - যে সম্মতির ভিত্তিতে সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করা হয়েছে তা আপনি প্রত্যাহার করেন
    - আপনি সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করার বিষয়ে আপত্তি জানান এবং সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করা চালিয়ে যাওয়ার জন্য কোনও প্রাধান্যপ্রাপ্ত বৈধ স্বার্থ না থাকে
    - আপনি সরাসরি বিপণনের উদ্দেশ্যে আপনার তথ্য সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করার বিষয়ে আপত্তি জানান
    - আপনার তথ্য বেআইনিভাবে সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করা হয়েছিল
    - আইনি বাধ্যবাধকতা মেনে চলার জন্য আপনার তথ্য মুছে ফেলতে হবে
    - শিশুদের অনলাইন পরিষেবা প্রদানের জন্য আপনার তথ্য সংগ্রহ করা হয়েছিল
- আপনার তথ্য সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করার উপর আমাদের কাছ থেকে একটি বিধিনিষেধ পেতে, যদি
    - আপনি আপনার তথ্যের নির্ভুলতার বিরোধিতা করেন
    - আপনি বৈধ স্বার্থের ভিত্তিতে, তথ্য সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করার বিষয়ে আপত্তি জানিয়েছেন এবং আমরা বিবেচনা করছি যে আমাদের বা কোনও তৃতীয়-পক্ষের বৈধ স্বার্থের ভিত্তি আপনার স্বার্থের উপরে প্রাধান্য পায় কিনা
    - তথ্য সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করা বেআইনি, এবং আপনি মুছে ফেলার বিরোধিতা করছেন এবং পরিবর্তে ব্যবহার সীমাবদ্ধ করার অনুরোধ করেন
    - আমাদের আর আপনার তথ্যের প্রয়োজন নেই, তবে কোনো আইনি দাবি প্রতিষ্ঠা, প্রয়োগ বা এটির বিরুদ্ধে আত্মপক্ষ সমর্থন করার জন্য আপনার নিজের তথ্য প্রয়োজন।
- আপনি আমাদের যে তথ্য দিয়েছেন তা আপনার সাথে নিয়ে যেতে এবং সেই তথ্য অন্য কোনও সংস্থায় প্রেরণ করতে সক্ষম হওয়া, যেখানে আমাদের দ্বারা সেই তথ্যের সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করা স্বয়ংক্রিয় পদ্ধতিতে এবং আপনার সম্মতি বা চুক্তির কার্য সম্পাদনের উপর ভিত্তি করে পরিচালিত হয়
- বৈধ স্বার্থ বা কোনও আইনি কার্য সম্পাদন, সরাসরি বিপণন এবং বৈজ্ঞানিক/ঐতিহাসিক গবেষণা এবং পরিসংখ্যানের উদ্দেশ্যের ভিত্তিতে তথ্য সংগ্রহ, ব্যবহার বা শেয়ার করায় আপত্তি জানানো

- শুধুমাত্র স্বয়ংক্রিয় প্রক্রিয়াকরণের (প্রোফাইলিং সহ) উপর ভিত্তি করে এমন কোনও সিদ্ধান্তের আওতায় না আসা, যা আপনার উপর আইনি প্রভাব ফেলে বা অনুরূপভাবে আপনাকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করে
- একটি তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের কাছে অভিযোগ দায়ের করা

## আপনি কীভাবে আপনার অধিকার প্রয়োগ করেন

আপনি legal@datacubed.com এ আমাদের ইমেল করে যেকোনো সময় আপনার অ্যাকাউন্ট তথ্য অ্যাক্সেস করতে, সংশোধন করতে বা মুছে ফেলতে পারেন অথবা আপনার অ্যাকাউন্ট বাতিল করতে পারেন। খেয়াল করুন যে কিছু ক্ষেত্রে আমরা আইনের আবশ্যকতা অনুসারে আপনার সম্পর্কে কিছু তথ্য রেখে দিতে পারি।

## পরিচালনাকারী আইন

EU-এর আইনগুলি নীতিটিকে পরিচালনা করে।

## নীতির পরিবর্তন

উপরে উল্লিখিত কার্যকর তারিখ পর্যন্ত নীতিটি সাম্প্রতিক। আমরা সময়ে সময়ে নীতিটি পরিবর্তন করতে পারি, তাই নির্দিষ্ট সময় অন্তর অবশ্যই পুনরায় যাচাই করে নেবেন। আমরা নীতির যেকোনো পরিবর্তনগুলি আমাদের সাইট www.datacubed.com এ পোস্ট করব।